

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

এফ-৪/বি, আগারগাঁও প্র/এ

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৬৬৬

তারিখঃ ৩১/০৭/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ নওগাঁ জেলার আগ্রাই উপজেলাধীন সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে নিয়োগ প্রাপ্ত জনাব মোঃ মোহন আলী প্রভাষক (উদ্যোগ্তা উন্নয়ন) এর নিয়োগ বোর্ডে ডিজি প্রতিনিধি বোর্ড প্রতিনিধি এবং বিষয় বিশেষজ্ঞনের স্বাক্ষর জালিয়াতি করন প্রসঙ্গে।

সূত্রঃ (১) কাশিত স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯২.৩১.৩০৮.১৮-৫৪১ (৬) তাঃ-১২/০৬/১৮খ্রিঃ।

(২) জেশিত নওগাঁ নং-৩৭.০২.৬৪০০.০০০.৩১.০৮৭.১৮.২৪৮/১ তাঃ-৩০/০৮/১৮খ্রিঃ।

(৩) সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিএম কলেজ স্মারক নং-সাটেবিম্যাক-১৫/২০১৮ তাঃ-১৪/০৮/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার কলেজ এর উদ্যোগ্তা উন্নয়ন বিষয়ের কর্মরত প্রভাষক জনাব মোঃ মোহন আলীর এমপিও ভূক্তির আবেদন যাচাই বাচাই করা হয়। তার আবেদন পত্রের সাথে সংযুক্ত মূল টেবুলেশন শীটে, ডিজি প্রতিনিধি, বোর্ড প্রতিনিধি এবং বিষয় বিশেষজ্ঞের স্বাক্ষর সদেহজনক এবং সঠিক না থাকায় এবং ডুয়া/জাল কাগজ সংযুক্ত করে আপনি তার (জনাব মোঃ মোহন আলী) এমপিওভূক্তির আবেদন অত্র দপ্তরে প্রেরণ করায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনসহ আপনার বেতন ভাতা কেন স্থগিত করা হবে না তার সুস্পষ্ট ব্যাখ্যা (যথাযথ প্রমানকসহ) সাত কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরনের জন্য ০১ নং সূত্র মূলে আপনাকে পত্র প্রেরন করা হয়।

আপনি বর্ণিত সূত্র মূলে প্রেরিত পত্রের একটি জবাব এই দপ্তরে দাখিল করেন। আপনার দাখিলকৃত জবাবের সারমর্ম অনুযায়ী-

১। আপনার প্রতিষ্ঠানের উদ্যোগ্তা উন্নয়ন বিষয়ের প্রভাষক জনাব মোঃ মোহন আলীর ডকেট নং-৬৩৯/১৮ তাঃ-১৩/০৬/২০১৮খ্রিঃ মূলে এই দপ্তরে জমাকৃত এমপিও ভূক্তির কাগজপত্রের সাথে আপনার কোন প্রকার সংশ্লিষ্টতা নেই। উক্ত ডকেট মূলে আপনি কোন কাগজপত্র এই দপ্তরে জমা করেননি। কে বা কাহারা উক্ত ডকেট মূলে তার (জনাব মোঃ মোহন আলী) এমপিও ভূক্তির কাগজপত্র অত্র দপ্তরে জমা করেছেন তাহা আপনার জানা নেই। তাছাড়া তার এমপিওভূক্তির আবেদন পত্রের সাথে জমাকৃত টেবুলেশন শীটে আপনি স্বাক্ষর করেননি এবং এ বিষয়ে আপনি অবগত নন মর্মে আপনার প্রেরিত জবাবে উল্লেখ করেন এবং আপনার উপর আন্তিম অভিযোগ থেকে অব্যহতি প্রদান করিয়া কৃতার্থ করিতে মহাপরিচালক মহোদয়ের মর্জিং কামনা করেন।

২। যেহেতু আপনি (জনাব মোঃ মোহন আলী), প্রভাষক, উদ্যোগ্তা উন্নয়ন-এর এমপিও ভূক্তির আবেদন এই দপ্তরে জমা করেননি এবং জমাকরন ও টেবুলেশন শীটে স্বাক্ষর করার সাথে আপনার কোন সংশ্লিষ্টতা নেই মর্মে উল্লেখ করেছেন। সেহেতু অত্র দপ্তরে জনাব মোঃ মোহন আলীর এমপিও ভূক্তির কাগজপত্র আপনার অবগতি ব্যতিরেকে জমা করনের জন্য জনাব মোঃ মোহন আলী/সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন পূর্বক যথাযথ প্রমানকসহ আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে এই দপ্তরকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

প্রাপকঃ

অধ্যক্ষ

সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
আগ্রাই, নওগাঁ।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৬৬৬(৬)

তারিখঃ ৩১/০৭/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, নওগাঁ।

২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মানুসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।

৪। সভাপতি, সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, আগ্রাই, নওগাঁ।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৬। পিএ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ৩১/০৭/২০১৮খ্রিঃ

(মোঃ জহরুল ইসলাম)

সহকারী পরিচালক (এমপিও)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।